**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১০/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৬ ডিসেম্বর ২০১৭, ২২ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলেছে বাংলাদেশ-কম্বোডিয়া
খেমার টাইমসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। এশিয়ার দেশগুলোর মধ্যে সংযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

৩। কম্বোডিয়া সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

৪। নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ : নিবন্ধে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এসডিজি অর্জনে কাজ করছে বাংলাদেশ : স্পিকার

৬। বিদ্যুৎ, সার ও সৌর প্যানেলে বিনিয়োগে আগ্রহী সৌদি ব্যবসায়ীরা

৭। মিয়ানমারে গণহত্যার প্রমাণ রয়েছে : ইউএনএইচআরসি'র অধিবেশনে প্রস্তাব পাস

৮। মাদক সমস্যা নিরসনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

৯। স্থলবন্দর যুক্ত হবে মহাসড়কে : আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত

১০। সাবেক সিভিল সার্জনকে সাজা দেওয়া সমীচীন হয়নি : স্বাস্থ্যমন্ত্রী
লক্ষ্মীপুরের এডিসি ও ইউএনওকে হাইকোর্টে তলব

১১। অতিরিক্ত সিম আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিষ্ক্রিয় করতে হবে : বিটিআরসি

চলমান পাতা-২

**১।	শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলেছে বাংলাদেশ-কম্বোডিয়া : খেমার টাইমসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও কম্বোডিয়া একটি শক্তিশালী এবং পারস্পরিক সুবিধাজনক অংশীদারিত্ব গড়ে তুলেছে এবং এখন এই অঞ্চলে উন্নয়ন, শান্তি ও স্থিতিশীলতার জন্য বৃহত্তর আঞ্চলিক সহযোগিতা জোরদার করার জন্য একসঙ্গে কাজ করছে। গত ৪ ডিসেম্বর সোমবার কম্বোডিয়ার বহুল প্রচারিত দৈনিক 'খেমার টাইমস'-এ লেখা এক নিবন্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। 'বন্ধুত্বের লালন : বাংলাদেশ ও কম্বোডিয়া' শীর্ষক নিবন্ধটিতে বাংলাদেশ ও কম্বোডিয়ার জনগণের স্বাধীনতা অর্জনের সময় অভিন্ন অভিজ্ঞতা এবং অত্যাচার সহ্য করার বিষয়টি তুলে ধরা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)।

**২।	এশিয়ার দেশগুলোর মধ্যে সংযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ার দেশগুলোর জনগণের স্বার্থে এ অঞ্চলের মধ্যে সংযোগ ও সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) নমপেনের একটি হোটেলে প্রধানমন্ত্রীর সঙ্গে কম্বোডিয়ার রয়্যাল পার্টি ফানসিনপেকের প্রেসিডেন্ট ও দেশটির সাবেক প্রধানমন্ত্রী নরোদম রনারিধ সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাংলাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে যোগাযোগ বাড়াতে কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তর করা হবে। কম্বোডিয়ার বর্তমান রাজার ভাই নরোদম রনারিধ দেশটির সাবেক প্রয়াত রাজা নরোদম সিহানুকের নামে ঢাকায় একটি সড়কের নামকরণ করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নমপেনে একটি সড়কের নামকরণ করায় কম্বোডিয়ার সরকার ও জনগণকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৩।	কম্বোডিয়া সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কম্বোডিয়ায় তিনদিনের সরকারি সফরশেষে গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) দেশে ফিরেছেন। কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের আমন্ত্রণে তিনি এই সফর করেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট বিকেল সাড়ে ৪টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৪।	নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ : নিবন্ধে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এক নিবন্ধে লিখেছেন, নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ। দক্ষিণ এশিয়ায় একমাত্র নারী প্রধানমন্ত্রীও বাংলাদেশে। দেশের নারী ও শিশুর উন্নয়নে দৃঢ়ভাবে কাজ করছে দেশটি। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) আন্তর্জাতিক সাময়িকী 'দ্য ডিপ্লোম্যাট' এ নিবন্ধটি প্রকাশিত হয়। সজীব ওয়াজেদ আরও বলেন, সম্প্রতি অধিকার আর অংশগ্রহণের প্রশ্নে নারী-পুরুষের ব্যবধান ঘোচানোর ক্ষেত্রে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) সূচকে এক বছরে বড় অগ্রগতি দেখিয়েছে বাংলাদেশ। ডব্লিউইএফের ২০১৭ সালের গ্লোবাল জেন্ডার গ্যাপ প্রতিবেদনে বাংলাদেশ ২৫ ধাপ এগিয়ে বিশ্বের ১৪৪টি দেশের মধ্যে ৪৭ নম্বরে উঠে এসেছে। এই সূচকে দক্ষিণ এশিয়ায় শীর্ষে উঠে আসে বাংলাদেশ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

**৫।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এসডিজি অর্জনে কাজ করছে বাংলাদেশ : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে কাজ করে যাচ্ছে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সংসদভবনে বাংলাদেশে নবনিযুক্ত জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পো স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সাক্ষাতে তারা বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্য

অর্জন, সংসদে আইন প্রণয়ন প্রক্রিয়া, নারীর ক্ষমতায়ন, সংসদ সদস্য ও সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।



**৬। বিদ্যুৎ, সার ও সৌর প্যানেলে বিনিয়োগে আগ্রহী সৌদি ব্যবসায়ীরা**

সৌদি আরবের ব্যবসায়ীরা বাংলাদেশের বিদ্যুৎ, সৌর প্যানেল, সার কারখানা স্থাপনসহ বিভিন্ন খাতে বিনিয়োগে আগ্রহ দেখিয়েছেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সফররত সৌদি ব্যবসায়ী প্রতিনিধিদল অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের সঙ্গে বৈঠকে এ আগ্রহের কথা জানায়। এ বিষয়ে আজ (৬ ডিসেম্বর বুধবার) রাজধানীর স্থানীয় হোটেলে এ দেশের ব্যবসায়ী নেতাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর হবে। বৈঠকে সৌদি ব্যবসায়ীদের উদ্দেশ্যে দুই মন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের চমৎকার পরিবেশ রয়েছে। ২০১৫ সালের পর থেকে দেশে রাজনৈতিক স্থিতিশীলতা রয়েছে, যা বিনিয়োগে সহায়ক। বর্তমান পরিবেশে বিনিয়োগের জন্য বাংলাদেশকে উৎকৃষ্ট হিসেবে মন্তব্য করেন তারা। এ সুযোগ কাজে লাগানোর জন্য সৌদি ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়ে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন অর্থমন্ত্রী ও বাণিজ্যমন্ত্রী। সৌদির ইন্টারন্যাশনাল মার্কেটিং ইনভেস্টমেন্ট কোম্পানি গ্রুপের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট মুসহাবাব আবদুল্লাহ আল কাতানির নেতৃত্বে ২১ সদস্যের একটি ব্যবসায়ী প্রতিনিধিদল গত ৪ ডিসেম্বর বাংলাদেশ সফরে এসেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**৭। মিয়ানমারে গণহত্যার প্রমাণ রয়েছে : ইউএনএইচআরসি'র অধিবেশনে প্রস্তাব পাস**

মিয়ানমারে রোহিঙ্গাদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে-এই মর্মে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের (ইউএনএইচআরসি) বিশেষ অধিবেশনে একটি প্রস্তাব পাস হয়েছে। বাংলাদেশ ও সৌদি আরবের অনুরোধে গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় সংস্থার কার্যালয়ে অনুষ্ঠিত এক বিশেষ অধিবেশনে ভোটাভুটি শেষে এই প্রস্তাব পাস হয়। ৪৭ সদস্যবিশিষ্ট এই সংস্থার ৩৫টি দেশই বাংলাদেশের এই প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে। প্রস্তাবের বিপক্ষে ভোট দিয়েছে চীন, ফিলিপাইনসহ তিন দেশ। ভারত, জাপানসহ ৯টি দেশ ভোটদানে বিরত ছিল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৮। মাদক সমস্যা নিরসনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর**

জাতীয় টাস্কফোর্স গঠনের মাধ্যমে মাদক সমস্যা নিরসনে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবের মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থার আয়োজনে 'রোহিঙ্গা সমস্যা ও মাদকাসক্তি : বর্তমান প্রেক্ষাপট' শীর্ষক এক আলোচনাসভায় তিনি এ আহ্বান জানান। মন্ত্রী বলেন, সরকার ও দেশের জনগণের সহযোগিতায় জঙ্গি তৎপরতা দমন ও ইভটিজিং কমিয়ে আনতে সক্ষম হয়েছি। এই প্রতিরোধে দেশের জনগণের অংশগ্রহণের পাশাপাশি আইনশৃঙ্খলাবাহিনী কাজ করেছিল বলেই বর্তমানে এ দুটি সমস্যার কিছু সমাধান হয়েছে। মানুষের সচেতনতা গড়ে উঠেছিল বলেই এই সংকট মোকাবিলা সহজ হয়েছে। মাদক ব্যবসায়ীদের শনাক্ত করে তাদের আইনের আওতায় এনে কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তবেই দ্রুত এই সমস্যা দূর করা যাবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

**৯। স্থলবন্দর যুক্ত হবে মহাসড়কে : আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত**

দেশের সবকটি স্থলবন্দর এবং পানগাঁও কনটেইনার টার্মিনালকে আঞ্চলিক ও জাতীয় মহাসড়কের সঙ্গে যুক্ত করা হবে। স্থলবন্দর ও মহাসড়কগুলোর মধ্যে সংযোগ সড়ক পুনর্নির্মাণ ও উন্নয়ন করবে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ। বিদ্যমান সংযোগ সড়কগুলো স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণ থেকে সড়ক ও

জনপথ অধিদপ্তরের আওতায় আনা হবে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে পানগাঁও কনটেইনার টার্মিনালসহ দেশের বিভিন্ন স্থলবন্দরকে আঞ্চলিক ও জাতীয় মহাসড়কের সঙ্গে সংযোগের লক্ষ্যে সংযোগ সড়কের উন্নয়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভায় এসব সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান। সূত্র-**সমকাল**(পৃ.১৯,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।



**১০। সাবেক সিভিল সার্জনকে সাজা দেওয়া সমীচীন হয়নি : স্বাস্থ্যমন্ত্রী**
**লক্ষ্মীপুরের এডিসি ও ইউএনওকে হাইকোর্টে তলব**

লক্ষ্মীপুরের সাবেক সিভিল সার্জন ডা. সালাহ উদ্দিন শরিফকে তড়িঘড়ি জেল দেওয়া ঠিক হয়নি, এটা একটি দুঃখজনক ঘটনা বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি অপ্রীতিকর ঘটনায় একজন সাবেক সিভিল সার্জনকে জেলে দেওয়া সমীচীন হয়নি বলে উল্লেখ করেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এদিকে ব্যক্তিগত দ্বন্দ্বের জেরে মোবাইল কোর্ট বসিয়ে সাবেক ভারপ্রাপ্ত সিভিল সার্জনকে সাজা দেওয়ার ঘটনায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শেখ মুর্শিদুল ইসলাম এবং মোবাইল কোর্ট পরিচালনাকারী সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ নুরুজ্জামানকে তলব করেছেন হাইকোর্ট। তাদের ১৩ ডিসেম্বর সকাল সাড়ে ১০টায় হাইকোর্টে হাজির হয়ে ঘটনার ব্যাখ্যা দিতে বলা হয়েছে। এ ছাড়া একই দিন মোবাইল কোর্টে দণ্ডপ্রাপ্ত সাবেক ভারপ্রাপ্ত সিভিল সার্জন সালাহ উদ্দিন শরীফকেও উপস্থিত থাকতে বলা হয়েছে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এক প্রজ্ঞাপনে শেখ মুর্শিদুল ইসলামকে সিনিয়র সহকারী সচিব পদে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বদলি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১১। অতিরিক্ত সিম আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিষ্ক্রিয় করতে হবে : বিটিআরসি**

গ্রাহকের হাতে ১৫টির বেশি মোবাইল সিম বা রিম থাকতে পারবে না। এর বেশি সিম থাকলে আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিজের উদ্যোগে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে অতিরিক্ত সিম নিষ্ক্রিয় করতে হবে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এই ঘোষণা দিয়েছে। গতকাল দেশের সব মোবাইলফোন অপারেটরকে পাঠানো এক নির্দেশে বিটিআরসি বলেছে, গ্রাহক আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে স্বেচ্ছায় অতিরিক্তি সিম নিষ্ক্রিয় না করলে কমিশন পরে নিজেদের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট অপারেটরের মাধ্যমে সেগুলোর নিবন্ধন বাতিল ও বন্ধ করে দেবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর, সমকাল, যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার কম্বোডিয়া সফরের মধ্যে দিয়ে দু'দেশের সম্পর্ক নতুন এক উচ্চতায় উন্নীত হবে বলে মন্তব্য।

খ. **সংবাদ :** বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যোগ দিতে যাওয়া বিমানবাহিনীর দুই নারী ফ্লাইট লেফটেন্যান্টকে স্বাগত জানিয়ে তাদের মিশনের সফলতা কামনা।

গ. **ইত্তেফাক :** প্রায় শত বৎসর পূর্বে নির্মিত বাগেরহাট জেলার মোরেলগঞ্জের ১১৪ নং এসপি বারইখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটির জীর্ণদশার কথা উল্লেখ করে সারাদেশে জরাজীর্ণ বিদ্যালয় ভবনগুলো সংস্কারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল, ভোরের কাগজ :** কোচিং বাণিজ্যে জড়িত থাকার দায়ে দুর্নীতি দমন কমিশন ঢাকা মহানগরের আট শিক্ষাপ্রতিষ্ঠানের ৯৭ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশকে সমর্থন জানিয়ে স্কুলগুলোতে যাতে ভালো পড়াশুনা করানো হয় সে ব্যাপারে নিয়মিত তদারকির সুপারিশ।

ঙ. **ইনকিলাব, এশিয়ান এজ :** রাজধানীর খালগুলোকে পুনরুদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগতমানের উন্নয়নে ছাত্র-শিক্ষক অনুপাতের বিরাট ব্যবধান দূর করাসহ যোগ্যতাসম্পন্ন ও মানসম্পন্ন শিক্ষক নিয়োগ দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** নীলফামারি জেলার কিশোরগঞ্জ উপজেলার দুটি ইউনিয়নের ৩৫০০ ছাত্র-ছাত্রীকে ঝুঁকিপূর্ণ বাঁশের সেতুর উপর দিয়ে চলাচল করার পরিপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসনকে সেখানে পাকাসেতু নির্মাণের সুপারিশ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** পাসপোর্ট পেতে ৭১.১ শতাংশ লোকের হয়রানি ও ৮৯.৪ শতাংশ লোকের অতিরিক্ত ব্যয়ভার বহন করার বিষয় তুলে ধরে পাসপোর্ট অফিসের সব ধরনের অব্যবস্থাপনা দূর করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন, এশিয়ান এজ :** জেলা ও উপজেলা পর্যায়ে **১৬৩টি** স্কুলে চলন্তসিঁড়ি (এসকেলেটর) নির্মাণের পরিকল্পনার পরিবর্তে স্কুলের অবকাঠামোগত সমস্যা আগে দূর করার পর চলন্তসিঁড়ি নির্মাণের বৃহৎ প্রজেক্ট বাস্তবায়নের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

### উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পার্বত্য চট্টগ্রামকে সমস্যাসংকুল রেখে দেশের সার্বিক উন্নয়ন সম্ভব হবে না।

### নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'সড়ক দুর্ঘটনায় আর কত মানুষ মারা যাবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সড়ক দুর্ঘটনারোধে আইনের কঠোর প্রয়োগের সাথে সাথে জনগণের সচেতনতাও জরুরি।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১০/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ৬ ডিসেম্বর ২০১৭, ২২ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলেছে বাংলাদেশ-কম্বোডিয়া
খেমার টাইমসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। এশিয়ার দেশগুলোর মধ্যে সংযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

৩। কম্বোডিয়া সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

৪। নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ : নিবন্ধে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এসডিজি অর্জনে কাজ করছে বাংলাদেশ : স্পিকার

৬। বিদ্যুৎ, সার ও সৌর প্যানেলে বিনিয়োগে আগ্রহী সৌদি ব্যবসায়ীরা

৭। মিয়ানমারে গণহত্যার প্রমাণ রয়েছে : ইউএনএইচআরসি'র অধিবেশনে প্রস্তাব পাস

৮। মাদক সমস্যা নিরসনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

৯। স্থলবন্দর যুক্ত হবে মহাসড়কে : আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত

১০। সাবেক সিভিল সার্জনকে সাজা দেওয়া সমীচীন হয়নি : স্বাস্থ্যমন্ত্রী
লক্ষ্মীপুরের এডিসি ও ইউএনওকে হাইকোর্টে তলব

১১। অতিরিক্ত সিম আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিষ্ক্রিয় করতে হবে : বিটিআরসি

চলমান পাতা-২

**১।	শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলেছে বাংলাদেশ-কম্বোডিয়া : খেমার টাইমসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও কম্বোডিয়া একটি শক্তিশালী এবং পারস্পরিক সুবিধাজনক অংশীদারিত্ব গড়ে তুলেছে এবং এখন এই অঞ্চলে উন্নয়ন, শান্তি ও স্থিতিশীলতার জন্য বৃহত্তর আঞ্চলিক সহযোগিতা জোরদার করার জন্য একসঙ্গে কাজ করছে। গত ৪ ডিসেম্বর সোমবার কম্বোডিয়ার বহুল প্রচারিত দৈনিক 'খেমার টাইমস'-এ লেখা এক নিবন্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। 'বন্ধুত্বের লালন : বাংলাদেশ ও কম্বোডিয়া' শীর্ষক নিবন্ধটিতে বাংলাদেশ ও কম্বোডিয়ার জনগণের স্বাধীনতা অর্জনের সময় অভিন্ন অভিজ্ঞতা এবং অত্যাচার সহ্য করার বিষয়টি তুলে ধরা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২)।

**২।	এশিয়ার দেশগুলোর মধ্যে সংযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ার দেশগুলোর জনগণের স্বার্থে এ অঞ্চলের মধ্যে সংযোগ ও সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) নমপেনের একটি হোটেলে প্রধানমন্ত্রীর সঙ্গে কম্বোডিয়ার রয়্যাল পার্টি ফানসিনপেকের প্রেসিডেন্ট ও দেশটির সাবেক প্রধানমন্ত্রী নরোদম রনারিধ সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাংলাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে যোগাযোগ বাড়াতে কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তর করা হবে। কম্বোডিয়ার বর্তমান রাজার ভাই নরোদম রনারিধ দেশটির সাবেক প্রয়াত রাজা নরোদম সিহানুকের নামে ঢাকায় একটি সড়কের নামকরণ করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নমপেনে একটি সড়কের নামকরণ করায় কম্বোডিয়ার সরকার ও জনগণকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৩।	কম্বোডিয়া সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কম্বোডিয়ায় তিনদিনের সরকারি সফরশেষে গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) দেশে ফিরেছেন। কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের আমন্ত্রণে তিনি এই সফর করেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট বিকেল সাড়ে ৪টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৪।	নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ : নিবন্ধে প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এক নিবন্ধে লিখেছেন, নারীর ক্ষমতায়ন নিশ্চিত করছে বাংলাদেশ। দক্ষিণ এশিয়ায় একমাত্র নারী প্রধানমন্ত্রীও বাংলাদেশে। দেশের নারী ও শিশুর উন্নয়নে দৃঢ়ভাবে কাজ করছে দেশটি। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) আন্তর্জাতিক সাময়িকী 'দ্য ডিপ্লোম্যাট' এ নিবন্ধটি প্রকাশিত হয়। সজীব ওয়াজেদ আরও বলেন, সম্প্রতি অধিকার আর অংশগ্রহণের প্রশ্নে নারী-পুরুষের ব্যবধান ঘোচানোর ক্ষেত্রে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) সূচকে এক বছরে বড় অগ্রগতি দেখিয়েছে বাংলাদেশ। ডব্লিউইএফের ২০১৭ সালের গ্লোবাল জেন্ডার গ্যাপ প্রতিবেদনে বাংলাদেশ ২৫ ধাপ এগিয়ে বিশ্বের ১৪৪টি দেশের মধ্যে ৪৭ নম্বরে উঠে এসেছে। এই সূচকে দক্ষিণ এশিয়ায় শীর্ষে উঠে আসে বাংলাদেশ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

**৫।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এসডিজি অর্জনে কাজ করছে বাংলাদেশ : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে কাজ করে যাচ্ছে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সংসদভবনে বাংলাদেশে নবনিযুক্ত জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পো

স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সাক্ষাতে তারা বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন, সংসদে আইন প্রণয়ন প্রক্রিয়া, নারীর ক্ষমতায়ন, সংসদ সদস্য ও সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

৬। **বিদ্যুৎ, সার ও সৌর প্যানেলে বিনিয়োগে আগ্রহী সৌদি ব্যবসায়ীরা**

সৌদি আরবের ব্যবসায়ীরা বাংলাদেশের বিদ্যুৎ, সৌর প্যানেল, সার কারখানা স্থাপনসহ বিভিন্ন খাতে বিনিয়োগে আগ্রহ দেখিয়েছেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সফররত সৌদি ব্যবসায়ী প্রতিনিধিদল অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের সঙ্গে বৈঠকে এ আগ্রহের কথা জানায়। এ বিষয়ে আজ (৬ ডিসেম্বর বুধবার) রাজধানীর স্থানীয় হোটেলে এ দেশের ব্যবসায়ী নেতাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর হবে। বৈঠকে সৌদি ব্যবসায়ীদের উদ্দেশ্যে দুই মন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের চমৎকার পরিবেশ রয়েছে। ২০১৫ সালের পর থেকে দেশে রাজনৈতিক স্থিতিশীলতা রয়েছে, যা বিনিয়োগে সহায়ক। বর্তমান পরিবেশে বিনিয়োগের জন্য বাংলাদেশকে উৎকৃষ্ট হিসেবে মন্তব্য করেন তারা। এ সুযোগ কাজে লাগানোর জন্য সৌদি ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়ে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন অর্থমন্ত্রী ও বাণিজ্যমন্ত্রী। সৌদির ইন্টারন্যাশনাল মার্কেটিং ইনভেস্টমেন্ট কোম্পানি গ্রুপের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট মুসহাবাব আবদুল্লাহ আল কাতানির নেতৃত্বে ২১ সদস্যের একটি ব্যবসায়ী প্রতিনিধিদল গত ৪ ডিসেম্বর বাংলাদেশ সফরে এসেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

৭। **মিয়ানমারে গণহত্যার প্রমাণ রয়েছে : ইউএনএইচআরসি'র অধিবেশনে প্রস্তাব পাস**

মিয়ানমারে রোহিঙ্গাদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে-এই মর্মে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের (ইউএনএইচআরসি) বিশেষ অধিবেশনে একটি প্রস্তাব পাস হয়েছে। বাংলাদেশ ও সৌদি আরবের অনুরোধে গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) সুইজারল্যান্ডের রাজধানী জেনেভায় সংস্থার কার্যালয়ে অনুষ্ঠিত এক বিশেষ অধিবেশনে ভোটাভুটি শেষে এই প্রস্তাব পাস হয়। ৪৭ সদস্যবিশিষ্ট এই সংস্থার ৩৫টি দেশই বাংলাদেশের এই প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছে। প্রস্তাবের বিপক্ষে ভোট দিয়েছে চীন, ফিলিপাইনসহ তিন দেশ। ভারত, জাপানসহ ৯টি দেশ ভোটদানে বিরত ছিল। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৮। **মাদক সমস্যা নিরসনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর**

জাতীয় টাস্কফোর্স গঠনের মাধ্যমে মাদক সমস্যা নিরসনে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবের মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থার আয়োজনে 'রোহিঙ্গা সমস্যা ও মাদকাসক্তি : বর্তমান প্রেক্ষাপট' শীর্ষক এক আলোচনাসভায় তিনি এ আহ্বান জানান। মন্ত্রী বলেন, সরকার ও দেশের জনগণের সহযোগিতায় জঙ্গি তৎপরতা দমন ও ইভটিজিং কমিয়ে আনতে সক্ষম হয়েছি। এই প্রতিরোধে দেশের জনগণের অংশগ্রহণের পাশাপাশি আইনশৃঙ্খলাবাহিনী কাজ করেছিল বলেই বর্তমানে এ দুটি সমস্যার কিছু সমাধান হয়েছে। মানুষের সচেতনতা গড়ে উঠেছিল বলেই এই সংকট মোকাবিলা সহজ হয়েছে। মাদক ব্যবসায়ীদের শনাক্ত করে তাদের আইনের আওতায় এনে কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তবেই দ্রুত এই সমস্যা দূর করা যাবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

৯। **স্থলবন্দর যুক্ত হবে মহাসড়কে : আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত**

দেশের সবকটি স্থলবন্দর এবং পানগাঁও কনটেইনার টার্মিনালকে আঞ্চলিক ও জাতীয় মহাসড়কের সঙ্গে যুক্ত করা হবে। স্থলবন্দর ও মহাসড়কগুলোর মধ্যে সংযোগ সড়ক পুনর্নির্মাণ ও উন্নয়ন করবে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ। বিদ্যমান সংযোগ সড়কগুলো স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণ থেকে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় আনা হবে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে

পানগাঁও কনটেইনার টার্মিনালসহ দেশের বিভিন্ন স্থলবন্দরকে আঞ্চলিক ও জাতীয় মহাসড়কের সঙ্গে সংযোগের লক্ষ্যে সংযোগ সড়কের উন্নয়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভায় এসব সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান। সূত্র-**সমকাল**(পৃ.১৯,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।



১০। **সাবেক সিভিল সার্জনকে সাজা দেওয়া সমীচীন হয়নি : স্বাস্থ্যমন্ত্রী**
**লক্ষ্মীপুরের এডিসি ও ইউএনওকে হাইকোর্টে তলব**

লক্ষ্মীপুরের সাবেক সিভিল সার্জন ডা. সালাহ উদ্দিন শরিফকে তড়িঘড়ি জেল দেওয়া ঠিক হয়নি, এটা একটি দুঃখজনক ঘটনা বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি অপ্রীতিকর ঘটনায় একজন সাবেক সিভিল সার্জনকে জেলে দেওয়া সমীচীন হয়নি বলে উল্লেখ করেন। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এদিকে ব্যক্তিগত দ্বন্দ্বের জেরে মোবাইল কোর্ট বসিয়ে সাবেক ভারপ্রাপ্ত সিভিল সার্জনকে সাজা দেওয়ার ঘটনায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শেখ মুর্শিদুল ইসলাম এবং মোবাইল কোর্ট পরিচালনাকারী সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ নুরুজ্জামানকে তলব করেছেন হাইকোর্ট। তাদের **১৩** ডিসেম্বর সকাল সাড়ে **১০**টায় হাইকোর্টে হাজির হয়ে ঘটনার ব্যাখ্যা দিতে বলা হয়েছে। এ ছাড়া একই দিন মোবাইল কোর্টে দণ্ডপ্রাপ্ত সাবেক ভারপ্রাপ্ত সিভিল সার্জন সালাহ উদ্দিন শরীফকেও উপস্থিত থাকতে বলা হয়েছে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এক প্রজ্ঞাপনে শেখ মুর্শিদুল ইসলামকে সিনিয়র সহকারী সচিব পদে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বদলি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১১। **অতিরিক্ত সিম আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে নিষ্ক্রিয় করতে হবে : বিটিআরসি**

গ্রাহকের হাতে **১৫**টির বেশি মোবাইল সিম বা রিম থাকতে পারবে না। এর বেশি সিম থাকলে আগামী **৩১** ডিসেম্বরের মধ্যে নিজের উদ্যোগে অপারেটরের সঙ্গে যোগাযোগ করে অতিরিক্ত সিম নিষ্ক্রিয় করতে হবে। গতকাল (৫ ডিসেম্বর মঙ্গলবার) টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এই ঘোষণা দিয়েছে। গতকাল দেশের সব মোবাইলফোন অপারেটরকে পাঠানো এক নির্দেশে বিটিআরসি বলেছে, গ্রাহক আগামী **৩১** ডিসেম্বরের মধ্যে স্বেচ্ছায় অতিরিক্তি সিম নিষ্ক্রিয় না করলে কমিশন পরে নিজেদের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট অপারেটরের মাধ্যমে সেগুলোর নিবন্ধন বাতিল ও বন্ধ করে দেবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর, সমকাল, যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার কম্বোডিয়া সফরের মধ্যে দিয়ে দু'দেশের সম্পর্ক নতুন এক উচ্চতায় উন্নীত হবে বলে মন্তব্য।

খ. **সংবাদ :** বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যোগ দিতে যাওয়া বিমানবাহিনীর দুই নারী ফ্লাইট লেফটেন্যান্টকে স্বাগত জানিয়ে তাদের মিশনের সফলতা কামনা।

গ. **ইত্তেফাক :** প্রায় শত বৎসর পূর্বে নির্মিত বাগেরহাট জেলার মোরেলগঞ্জের **১১৪** নং এসপি বারইখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটির জীর্ণদশার কথা উল্লেখ করে সারাদেশে জরাজীর্ণ বিদ্যালয় ভবনগুলো সংস্কারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল, ভোরের কাগজ :** কোচিং বাণিজ্যে জড়িত থাকার দায়ে দুর্নীতি দমন কমিশন ঢাকা মহানগরের আট শিক্ষাপ্রতিষ্ঠানের ৯৭ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশকে সমর্থন জানিয়ে স্কুলগুলোতে যাতে ভালো পড়াশুনা করানো হয় সে ব্যাপারে নিয়মিত তদারকির সুপারিশ।

ঙ. **ইনকিলাব, এশিয়ান এজ :** রাজধানীর খালগুলোকে পুনরুদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ.	**ডেইলি সান :** পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগতমানের উন্নয়নে ছাত্র-শিক্ষক অনুপাতের বিরাট ব্যবধান দূর করাসহ যোগ্যতাসম্পন্ন ও মানসম্পন্ন শিক্ষক নিয়োগ দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ.	**ডেইলি স্টার :** নীলফামারি জেলার কিশোরগঞ্জ উপজেলার দুটি ইউনিয়নের ৩৫০০ ছাত্র-ছাত্রীকে ঝুঁকিপূর্ণ বাঁশের সেতুর উপর দিয়ে চলাচল করার পরিপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসনকে সেখানে পাকাসেতু নির্মাণের সুপারিশ।

জ.	**ইন্ডিপেনডেন্ট :** পাসপোর্ট পেতে ৭১.১ শতাংশ লোকের হয়রানি ও ৮৯.৪ শতাংশ লোকের অতিরিক্ত ব্যয়ভার বহন করার বিষয় তুলে ধরে পাসপোর্ট অফিসের সব ধরনের অব্যবস্থাপনা দূর করার সুপারিশ।

ঝ.	**নিউ নেশন, এশিয়ান এজ :** জেলা ও উপজেলা পর্যায়ে **১৬৩**টি স্কুলে চলন্তসিঁড়ি (এসকেলেটর) নির্মাণের পরিকল্পনার পরিবর্তে স্কুলের অবকাঠামোগত সমস্যা আগে দূর করার পর চলন্তসিঁড়ি নির্মাণের বৃহৎ প্রজেক্ট বাস্তবায়নের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পার্বত্য চট্টগ্রামকে সমস্যাসংকুল রেখে দেশের সার্বিক উন্নয়ন সম্ভব হবে না।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'সড়ক দুর্ঘটনায় আর কত মানুষ মারা যাবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সড়ক দুর্ঘটনারোধে আইনের কঠোর প্রয়োগের সাথে সাথে জনগণের সচেতনতাও জরুরি।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭